সুদক্ষ ট্রেনার দ্বারা Two / Four Wheeler ড্রাইভিং শেখানো হয়।
City SAFE DRIVE SAVE LIFE
The dream come true
Driving School
+91 7872 68 68 61
Ramkrishna Mission More, Malda.

জরুরী গাইড
অপ্রতিদ্বন্দ্বী পাক্ষিক ফ্রি শিটার
০১ / ৫৯১ aamaarshahor.com
মালদা ১৯শে পৌষ, ১৪৩২ রবিবার, ৪ জানুয়ারী, ২০২৬ ২৩ বর্ষ ১৮তম সংখ্যা বিনামূল্যে বিতরণের জন্য
বিজ্ঞাপন বিভাগ ঃ 9233 44 45 46

ওঁ পাথর ছাড়াই প্রতিকার সম্ভব
জগদম্বা জ্যোতিষ কেন্দ্র
মালদা # 9332056956

# বিপন্ন আরাবল্লী ও পরিবেশগত প্রভাব

## আরাবল্লী পর্বতের ভবিষ্যৎ ও পরিবেশে তার প্রভাব

**অরবিন্দ ঘোষ,** শিক্ষক, এ.সি. ইন্সটিটিউশন, মালদা
মোবাইল - 9434130305, ইমেল ঃ bhookanya@gmail.com

ভূগোল ও পরিবেশ এই শব্দ দুটি অঙ্গাঙ্গিভাবে জড়িত। পরিবেশ নামক রক্ষাকবচটি মানুষকে বাঁচতে শিখিয়েছে। সেই সঙ্গে নিঃস্বার্থে মিটিয়েছে হরেকরকম প্রয়োজন। এই দ্বিতীয় কারণেই হয়তো মানুষের প্রয়োজন হয়ে উঠছে তাকে রক্ষার করার। প্রসঙ্গক্রমে আরাবল্লী শুধু পর্বতশ্রেণী তা নয়, এটি পরিবেশের অন্যতম রক্ষাকবচও। আরাবল্লী, দিল্লি, পাঞ্জাব, হরিয়াণা, রাজস্থান এবং গুজরাট এই রাজ্যগুলিকে সৃষ্টি কাল হতেই রক্ষা করে এসেছে এবং আজও করছে। বিশ্বের প্রাচীনতম পর্বতমালাগুলির অন্যতম এই আরাবল্লী। এটি গুজরাটের হিম্মতনগর থেকে শুরু করে রাজস্থান, হরিয়ানা হয়ে দিল্লির রাইসিনা হিলস পর্যন্ত, প্রায় ৬৯২ কিলোমিটার দীর্ঘ। ক্ষয়জাত পর্বত হলেও, প্রায় ২০০ কোটি বছর ধরে আরাবল্লী উত্তর ভারতের পরিবেশগত ভারসাম্যের এক জীবন্ত প্রহরী হিসেবে কাজ করে এসেছে।

খুব সম্প্রতি সুপ্রিম কোর্ট পাহাড় ও জমির সংজ্ঞা নির্ধারণে যে সিদ্ধান্ত নিয়েছে সেটাকে আরাবল্লী বিতর্কটি বাঁধলো। তাই যদি বলা হয় তাহলে পরিবেশ বাঁচাও আন্দোলনের পর্যন্ত প্রতিক্ষেত্রেই আমরা পরিবেশকে রক্ষা করার অঙ্গীকার হয়েছিলাম কেন? আর হঠাৎ করে কেনই বা এমন সিদ্ধান্ত নেওয়া হল যাতে করে পরিবেশপ্রেমী তথা স্থানীয় অধিবাসীদের একটা বড় অংশ চিন্তিত? প্রকৃতপক্ষে এই ধাক্কা থেকেই শুরু হলো আরাবল্লী বিতর্ক ও পরিবেশ ভাবনা সম্প্রতি ২০ নভেম্বর ২০২৫ আরাবল্লী অঞ্চলের সংজ্ঞাই সংশোধন করে দিয়েছে দেশের শীর্ষ আদালত। শুধুমাত্র ১০০ মিটারের বেশি উঁচু পাহারগুলিকেই রক্ষা করার অনুমতি দেওয়া হয়েছে। আরাবল্লী নিয়ে কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রকের প্রস্তাবিত সংজ্ঞায় বলা হয়, ‘সমুদ্রপৃষ্ঠ থেকে নয়, বরং আশপাশের এলাকার ভূপৃষ্ঠ থেকে উচ্চতা ১০০ মিটারের বেশি হলেই তবেই সেই পাহাড়কে আরাবল্লী পাহাড় শ্রেণির অংশ বলা যাবে। এর অর্থ ১০০ মিটারের কম হলে তাকে উড়িয়ে দেওয়া যাবে। এই সংজ্ঞা কার্যকরি হলে আরাবল্লীর প্রায় ৯০ শতাংশ এলাকা আর ‘পাহাড়’ হিসেবে স্বীকৃতি পাবে বনা। ফলে সে সব এলাকায় সহজেই খননকাজ চালানো যাবে। এককথায় খনি ও পাথর খাদান চালু করা আরও সহজ হবে। নির্বিচারে বহু মূল্যে বিক্রি হবে স্যান্ডস্টোন, গ্রানাইট, মার্বেল এবং বিভিন্ন মূল্যবান খনিজ সম্পদ। সুপ্রিম কোর্টের সেই রায়ের পর থেকেই আন্দোলন শুরু হয় পাহাড় পার্শ্ববর্তী রাজ্যগুলিতে। পরিবেশ বাঁচাতে প্রতিবাদ শুরু হয়েছে সমাজ মাধ্যমগুলিতে। গ্রামবাসী, আইনজীবী থেকে পরিবেশকর্মী সকলেই সরব হয়েছে। ‘পিপল ফর আরাবল্লি’ মঞ্চের প্রতিষ্ঠাতা নীলম অহলুওয়ালিয়া সেই প্রসঙ্গে বলেছেন, ‘সুপ্রিম কোর্টের সিদ্ধান্তে আমরা গভীর ভাবে হতাশ। এই রায় আরাবল্লীর জন্য




আলোকচিত্র: আরাবল্লীর অবস্থান মানচিত্র। (সংগৃহীত)

মৃত্যুদণ্ডের শামিল।’ ‘স্ট্যান্ড উইথ নেচার’ এর মতে, ‘এই রায় বন্যপ্রাণীর আবাসস্থল, জলের জোগান, দূষণ নিয়ন্ত্রণ এবং জনস্বাস্থ্যের জন্য অপূরণীয় ক্ষতির কারণ হতে পারে’। উদ্বেগ প্রকাশের পর কেন্দ্র জানায়, ‘আরাবল্লীর ৯০ শতাংশকে সুরক্ষিত রাখা হবে। ‘আরাবল্লীর মোট ১.৪৪ লক্ষ বর্গকিলোমিটার এলাকার মধ্যে খনির কাজ কেবল ০.১৯ শতাংশ এলাকায় হতে পারে। বাকি সমগ্র আরাবল্লী সংরক্ষিত এবং সুরক্ষিত। মূলতঃ অবৈধ এবং অনিয়ন্ত্রিত যখন খনন বন্ধ করার জন্যই এই সিদ্ধান্ত। প্রয়োজনে সমস্যা মোকাবিলায় শক্তিশালী ড্রোন এবং আরও উন্নত প্রযুক্তি ব্যবহার করা হবে। সুপ্রিম কোর্টের এই রায়ের বিরুদ্ধে রাজস্থান ও হরিয়ানার গ্রামবাসীরা এবং পরিবেশকর্মীরা বিক্ষোভ শুরু করেছেন। তাঁদের মতে আরাবল্লী কেটে ফেলা মানে শুধু পাহাড় কেটে ফেলা নয়-এর অর্থ প্রকৃতি, জীবন ও জীবিকাকে আঘাত করা। তাঁদের দাবি, ৬৯২ কিমি দীর্ঘ পুরো আরাবল্লীকেই ‘সংরক্ষিত পরিবেশ অঞ্চল’ হিসেবে ঘোষণা করতে হবে। বলা বাহুল্য, আরাবল্লী শুধু প্রকৃতির অংশ হিসেবে নয়, জীবিকার উৎসও। গ্রামবাসীরা বনজ সম্পদ, পশুচারণ, জল সবকিছুই এই পাহাড় থেকে সংগ্রহ করে। তাদের জীবনধারা ও জীবনযাত্রা এই পাহাড়ের সাথে জড়িত।

আনন্দন শিক্ষা নিকেতন
প্রি-নার্সারী, নার্সারী, কে.জি. ও প্রাথমিক বিদ্যালয় মো ঃ ৯৭৩৫০ ৯৩৪৪২
উত্তর সিঙ্গাতলা (তিতাস ক্লাবের নিকটে), মালদা
ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি ঃ ২০২৬
আগামী ২০২৬ শিক্ষাবর্ষে প্রি-নার্সারী (বয়স ২+), নার্সারী (বয়স ৩+) থেকে নবম শ্রেণিতে খালি আসন সংখ্যা অনুসারে
ভর্তির ফর্ম দেওয়া ও ভর্তি নেওয়া চলছে।
সময় ঃ সকাল ১১টা থেকে বেলা ৩টা ( শনিবার ১১টা থেকে ১টা )
( উপরের লিখিত ভর্তির বয়স ১.১.২০২৬-এর ক্ষেত্রে প্রযোজ্য)



আলোকচিত্র: পরিবেশের রক্ষাকবচ আরাবল্লী পর্বতমালা।(সংগৃহীত)

পরিবেশবিদ ও জলবায়ু বিশেষজ্ঞদের মতে, আরাবল্লী রাজস্থান থেকে গুজরাটের বিস্তীর্ণ অংশকে দীর্ঘদিন ধরে প্রাকৃতিক ঢাল হিসেবে রক্ষা করে এসেছে। থর মরুভূমির বিস্তারকে আটকে রেখেছে, কমিয়েছে ধুলোঝড়ের তীব্রতা, বর্ষার জল ধরে রেখেছে এবং ভূগর্ভস্থ জলস্তর বজায় রেখেছে। কিন্তু সম্প্রতি অবৈধ খনন, বন উজাড়, রিয়েল এস্টেট প্রকল্প এবং নগরায়ণ চাপে এবং অস্তিত্ব সংকটে ভুগছে। আরাবল্লীকে সমতল করে গড়ে উঠেছে শিল্পাঞ্চল ও বসতি, পরিবেশে তার প্রভাব পড়েছে। এই ভাবে আরাবল্লী ধ্বংস হলে থর মরুভূমির বিস্তার দ্রুত পূবদিকে আরও এগিয়ে আসবে এবং তার সরাসরি প্রভাব পড়বে দিল্লি সহ উত্তর ভারতের কিছু অংশে। আমরা শুনেছি বর্তমানে দিল্লি ও পার্শ্ববর্তী রাজ্যগুলিতে গ্রীষ্মে তাপমাত্রা অস্বাভাবিক হারে বাড়ছে, দূষণের মাত্রা বিপজ্জনক স্তরে পৌঁছচ্ছে। দ্রুত নামছে ভূগর্ভস্থ জলের স্তর, বাড়ছে জলসংকট। এ ঘটনা দিনের পর দিন বেড়েই চলেছে। ভবিষ্যতে এ ঘটনা যে আরও বাড়বে সে বিষয়ে কোনো সন্দেহ নেই। আরাবল্লী ইতিমধ্যে ধ্বংসের পথে। মার্বেল ও মূল্যবান পাথরের লোভে গত কয়েক দশকে অন্তত ৩০ টি পাহাড় কেটে ফেলা হয়েছে। কিছু দিনের মধ্যেই হয়তো আরও কিছু নিশ্চিহ্ন হয়ে যাবে। এরপর গঙ্গা-যমুনা সমভূমিতে ব্যাপকভাবে দেখা যাবে মৃত্তিকা ক্ষয় ও মরুকরণ। প্রাকৃতিক জলধারণ ও বনভূমি ধ্বংস হবে, দিল্লি ও হরিয়ানা জুড়ে জলসংকট আরও তীব্রতর হবে। ধুলোঝড়ে বাড়বে বায়ুদূষণ, আর আটকে রাখা যাবে না থর মরুভূমির বালিকে, আরবের শহরের মত এবার দিল্লির বাতাসে উড়বে বালি। বদলে যাবে উত্তর ও উত্তর পশ্চিম ভারতের বৃষ্টিপাতের মানচিত্র। তারপর একদিন উত্তর-পশ্চিম ভারতের বাস্তুতান্ত্রিক পরিবেশের চিত্রটাই বদলে যাবে। এক কথায় গ্রহনের গ্রাসে পড়বে গোটা উত্তর ভারতের পরিবেশ বেং জনজীবন ও জনস্বাস্থ্য। তারপর আবার হয়তো নতুন করে পরিবেশের সংজ্ঞা নির্ধারন করা হবে।

মধ্য শিক্ষা পর্ষদ কর্তৃক অনুমোদিত
সবুজ অবুঝ শিশু অঙ্গন স্থাপিত ১৯৭৫
Bengali Medium X-Class High School (Co-Ed) affiliated to WBBSE Nursery to Class X
মেইন ক্যাম্পাস: রামকৃষ্ণপল্লী, মালদা ৭৩২ ১০১, পশ্চিমবঙ্গ। ফোন: ৯৪৭৪৭ ৯৪৭৬৭, ৯৪৩৪০ ৬৬০৬৭
পরিবেশ ও ব্যবস্থাপনা
- ৪০:০১ স্টুডন্ট্:টিচার রেশিও
- অডিও-ভিজ্যুয়াল টীচিং-লার্নিং
- ফ্রেন্ডলি স্টুডন্ট্-টিচার এনভায়রনমেন্ট
- প্রতি বছর প্রত্যেককে বয়স অনুযায়ী বই উপহার
- ক্লাস-ওয়াইজ ক্যারাক্টার স্ট্রেংথ অ্যাওয়ার্ড

স্মার্টবোর্ডে রেগুলার ইন্টার্যাকটিভ লেসন্স্
দ্বিতীয় শ্রেণী থেকে নিয়মিত কম্পিউটার ক্লাস
ডিজিটাল অটোমেটিক অ্যাটেনডেন্স কাম আইডেন্টিটি কার্ড
ক্লাসওয়ার্ক-হোমওয়ার্ক ও স্কুল পেরেন্ট যোগাযোগের অ্যানড্রয়েড অ্যাপ
নিয়মিত হাতের কাজ, কালচারাল ফাংশন, ক্রিয়েটিভ অ্যাকটিভিটিজ
যাতায়াতকারীর ফটো আইডি কার্ড-এর মাধ্যমে যাতায়াত ব্যবস্থা

বিগত ৫ বছরে মাধ্যমিক পরীক্ষার ফলাফল
মোট পরীক্ষার্থী ১২১ জন

| | | |
|---|---|---|
| গ্রেড AA (৯০% থেকে ১০০% নম্বর) পেয়েছে | ২৫ জন অর্থাৎ | ২১% ছাত্র-ছাত্রী |
| গ্রেড A+ (৮০% থেকে ৮৯% নম্বর) পেয়েছে | ৩৬ জন অর্থাৎ | ৩০% ছাত্র-ছাত্রী |
| গ্রেড A (৬০% থেকে ৭৯% নম্বর) পেয়েছে | ৩৯ জন অর্থাৎ | ৩২% ছাত্র-ছাত্রী |
| গ্রেড B+ (৪৫% থেকে ৫৯% নম্বর) পেয়েছে | ১৮ জন অর্থাৎ | ১৫% ছাত্র-ছাত্রী |
| গ্রেড B (৩৫% থেকে ৪৪% নম্বর) পেয়েছে | ৩ জন অর্থাৎ | ২% ছাত্র-ছাত্রী |

সর্বোচ্চ নম্বর

| | | | | |
|---|---|---|---|---|
| ২০২১ | ৬৮১ | আফসানা পারভীন | ৯৭.৩% | |
| ২০২২ | ৬৮০ | উপলব্ধি সরকার | ৯৭.১৪% | |
| ২০২৩ | ৬৬৮ | উদয় কুর্মি | ৯৫.৪৩% | |
| ২০২৪ | ৬৫৮ | তানিভা রায় | ৯৪.০০% | |
| ২০২৫ | ৬৮১ | ঋত্বিকা সিংহ | ৯৭.৩% | জেলায় স্থানাধিকারী |

২০২৬ শিক্ষাবর্ষে
সীমিত সংখ্যক আসনে
ভর্তির আবেদন
করার জন্য
কোডটি স্ক্যান করুন

Sabuj Abujh Shishu Angan (High School)
affiliated to WBBSE
ওল্ড আইসক্রীম ফ্যাক্টরী, হায়দরপুর, মালদা-৭৩২১০১, পশ্চিমবঙ্গ
যোগাযোগ: ৯৪৭৪৭৯৪৭৬৭, ৯৪৩৪০৬৬০৬৭ | ওয়েবসাইট: www.shishuangan.edu.in
a SASA Handbill 2026 V2d 0711 25

# সন্তান লাভের মনোকামনা

## এই তোদের এতদিন হল বাচ্চা হচ্ছে না কেন রে?
## দেখ ওদের তো তোদের পরে বিয়ে হল, তা-ই হয়ে গেল, তোদের?

**সৌরভ ভট্টাচার্য্য ঃ** প্রশ্নটা স্বাভাবিক। কারণ আমাদের সমাজে সীমারেখার বোধটা খুব অস্পষ্ট। কোন প্রশ্ন করতে হয় আর কোন প্রশ্ন করাটা অস্বাভাবিক, সেটার বোধ আমাদের খুব এখটা স্পষ্ট নয়। আমার কি জানার অধিকার নেই? নিশ্চয়ই আছে। কিন্তু কৌতুহলের অধিকার নেই। আজকে একটা খবর আছে, একজন মানুষ, সে মোটা বলে আর তার বাচ্চা হচ্ছিল না বলে বাড়ির লোকে এত এত কথা বলত যে সে আত্মহত্যা করেছে। অবশ্যই এটা বড় খবর নয়। এর চাইতে অনেক বড় খবর দেশে ঘটে। কিন্তু দেশ আর সমাজের মধ্যে একটা পার্থক্য আছে। সমাজে যা ঘটে তার অনুমোদন থাকে বলেই ঘটে। আর সে অনুমোদন বিবেক দেয় না, দেয় অভ্যাস। একদিন আমাদের সমাজে অনেক অনেক অমানবিক ঘটনা ঘটে যেত, সে সবের প্রতিবাদ আমাদের চিত্তে জাগলেও করা অবধি ঘটে ওঠেনি, কারণ করাটা সমাজের দ্বারা প্রভাবিত হয়। বাচ্চা না হওয়ার অনেক কারণ থাকতে পারে। এক, নিজেদের সিদ্ধান্ত; দুই, শারীরিক সমস্যা।

দ্বিতীয়টার ক্ষেত্রে বিজ্ঞানের বেশ কিছুটা অগ্রগতি হলেও সে পদ্ধতিগুলো শতাংশে সফলতা দেয় না। কিন্তু কারণ যাই হোক, প্রশ্নের সামনে পড়তেই হবে। একজন মহিলা কেন দীর্ঘদিন অবিবাহিত থেকে গেল, এই নিয়েও যেমন অনেক হাইপোথিসিস তৈরি হয়, তেমনই বাচ্চা না হওয়ার কারণ হিসাবেও অনেক হাইপোথিসিস দাঁড় করানো হয়। কিছু হাতে গোনা পরিবার সহজে মেনে নেয়, বেশিরভাগের ক্ষেত্রেই গলার কাঁটার মত বিঁধে থাকে। *(এরপর ৩-এর পাতায়)*

### দেখছি যেমন আরশিতে

#### অবিশ্বাসও সঙ্গে থাক

দেরি হলেও বুঝেছি সব কথায় বিশ্বাস নয়,
চাতুর্য না কি সারল্য তা মাপার অবকাশ নেই;
বড়োর নিদান মানি– ভাবি আগামীর বরাভয়,
নিজেকে উজাড় করি, হারিয়ে ফেলি চলার খেই।
মাঝে মাঝে মনে হয়, সব ঠিক শুধু আমি ছাড়া,
তবু কেউ কেউ এসে পিঠ চাপড়ে সুকথা বলে;
কেন যে বলে বুঝি না, কাজ করিনি নজরকাড়া,
জীবনপথে হাঁটতে এত বাছবিচার কি চলে!

#### ডুমুরের ফুল

ভরা বাজারে বসে ডুমুর বেচি রোজ সকালে,
মনের ক্লাসঘরে পড়া মেলাই– যতটা মেলে,
কেউ সবুজ খোঁজে, কারও নিদান পাকা অকালে,
না-ফোটা ফুল আমি– ছুঁয়ে কতটা পুষ্টি পেলে?
দূরের দূরবিন আমার বুকে কোমরে ঠোঁটে,
রসনা তৃপ্তির উপকরণ হতে চাই না–
লালসা-ঝুড়িতেও শক্ত থাকি আঘাত-চোটে,
গুণের মূলধনে রূপের ক্রেতা, দাম পাই না।

– ড. গৌরাঙ্গদেব ভার্মা

# পেশা হোক সমাজ ও সম্পর্ক নিয়ে, পড়ুন সোশিওলজি অনার্স

**এই সময়:** সাধারণ ভাবে মনে করা হয়, সোশিওলজি মানে শুধুই অ্যাকাডেমিক্স এবং গবেষণা। কিন্তু এখন অবশ্য সেই চেনা ছক ভাঙছে। কর্পোরেট থেকে সংবাদমাধ্যম অথবা স্টার্ট আপ, সর্বত্রই গুরুত্ব বাড়ছে সোশিওলজিতে গ্র্যাজুয়েটদের।

**যোগ্যতা**

▶ স্বীকৃত বোর্ড থেকে ১০+২ বা সমমানের পরীক্ষায় পাশ। ন্যূনতম মোট নম্বর সাধারণত ৪৫% থেকে ৬০% এর মধ্যে থাকে, যা প্রতিষ্ঠানের উপর নির্ভর করে। মেধা তালিকা বা প্রবেশিকা মাধ্যমেই ভর্তি নেওয়া হয়।

▶ কিছু বিশ্ববিদ্যালয়ের ভর্তির নিয়ম অনুসারে দ্বাদশ শ্রেণিতে সমাজবিদ্যা বিষয় থাকা দরকার। যে কোনও সাবজেক্ট থেকেই এই সাবজেক্টে শিফট করা সম্ভব।

**সিলেবাস**

অনার্সের পাঠক্রমটি থিওরি, গবেষণার দক্ষতা, সমাজের বিভিন্ন দিক নিয়ে তৈরি। সিলেবাসে থাকে নিম্নলিখিত বিষয়গুলি:

**সমাজবিদ্যার পরিচিতি**

■ সমাজ, সংস্কৃতি, নীতি এবং মূল্যবোধ বোঝা।
■ একটি শাখা হিসেবে সমাজবিদ্যার বিকাশ এবং ক্ষেত্র।

**সামাজিক তত্ত্ব**

■ কার্ল মার্কস, ম্যাক্স ওয়েবার, এমিল ডার্কহাইমের মতো ধ্রুপদী তাত্ত্বিক।
■ আধুনিক তত্ত্বসমূহ, যেমন কার্যকারণবাদ, সংঘাত তত্ত্ব এবং প্রতীকী মিথোস্ক্রিয়া তত্ত্ব।

**গবেষণা পদ্ধতি**

■ গুণগত এবং পরিমাণগত গবেষণা।
■ ডেটা সংগ্রহ, বিশ্লেষণ ও ব্যাখ্যা।

**ভারতীয় সমাজ**

■ বর্ণ, শ্রেণি, লিঙ্গগত গতিশীলতা।
■ ভারতের উপজাতি সম্প্রদায়, গ্রামীণ এবং নগর সমাজ।

**সামাজিক প্রতিষ্ঠান**

■ পরিবার, বিবাহ, ধর্ম, শিক্ষা, রাজনীতি, আধুনিক প্রতিষ্ঠানগুলিতে পরিবর্তন এবং চ্যালেঞ্জ সংক্রান্ত।

**উন্নয়ন এবং বিশ্বায়ন**

■ আধুনিকীকরণ, বিশ্বায়নের প্রভাব।
■ সামাজিক আন্দোলন, উন্নয়ন মডেল।

**ঐচ্ছিক বিষয়**

■ অপরাধবিদ্যা, লিঙ্গ গবেষণা বা পরিবেশ সমাজবিদ্যার মতো বিষয়।

**উচ্চশিক্ষা**

▶ দুই বছর ব্যাপী এম.এ ডিগ্রি কোর্স, যা তত্ত্ব, গবেষণা প্রয়োগ নিয়ে গভীরতর আলোচনা করে।
▶ সোশ্যাল ওয়ার্ক, হিউম্যান রাইটস বা ডেভেলপমেন্ট স্টাডিজের মতো ক্ষেত্র রয়েছে।

**গবেষণার সুযোগ**

▶ অ্যাকাডেমিক গবেষণা, অধ্যাপনা কেরিয়ারের জন্য পিএইচডি।

**ইন্টারডিসিপ্লিনারি স্টাডিজ়**

▶ নৃবিদ্যা, লিঙ্গ গবেষণা বা জন প্রশাসন সংক্রান্ত কোর্স।

**আন্তর্জাতিক সুযোগ**

▶ এই সমস্ত ফিল্ডেই আবার বিদেশে গিয়ে নানা ইউনিভার্সিটি থেকে পড়ার সুযোগ বিস্তর রয়েছে।

**কেরিয়ার সম্ভাবনা**

**অ্যাকাডেমিয়া এবং গবেষণা**

■ স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে শিক্ষাদানের পদ।
■ গবেষণা প্রতিষ্ঠানে সমাজ নিয়ে রিসার্চের সুযোগ।

**সিভিল সার্ভিসেস**

■ ইউপিএসসি-র মতো প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য সমাজবিদ্যা একটি জনপ্রিয় ঐচ্ছিক বিষয়।

**সামাজিক কাজ এবং এনজিও**

■ লিঙ্গ সমতা, শিশু কল্যাণ, কমিউনিটি ডেভেলপমেন্ট এবং মানবাধিকার বিষয়ক কাজ।

**কর্পোরেট সেক্টর**

■ মানবসম্পদ বা এইচআর, কর্পোরেট সামাজিক দায়িত্ব (CSR), মার্কেট রিসার্চে ভূমিকা।

**মিডিয়া এবং সাংবাদিকতা**

■ সামাজিক ভাষ্যকার, বিষয়বস্তু নির্মাতা বা সমাজবিষয়ক প্রতিবেদক হিসেবে কাজ করা যেতে পারে।

**পাবলিক পলিসি এবং প্রশাসন**

■ সরকারি বা বেসরকারি সংস্থায় সামাজিক নীতির রূপায়ণে ভূমিকা নেওয়া যেতে পারে যেমন আরবান প্ল্যানিং, জনসংযোগ ও প্রচার।

**আন্তর্জাতিক সংস্থা**

■ রাষ্ট্রসংঘ বা ওয়ার্ল্ড ব্যাঙ্কের মতো সংস্থার সঙ্গে নানা সামাজিক ইস্যুতে কাজ করা যেতে পারে।

**ক্রিমিনাল জাস্টিস**

■ অপরাধের ধরন, অপরাধীর মানসিকতা, তার সামাজিক ব্যাকগ্রাউন্ড নিয়ে তথ্য বিশ্লেষণ করা, অপরাধ দমনে বিচার ব্যবস্থার কার্যকারিতা নিয়ে সমীক্ষা চালাতে, বিভিন্ন সংশোধনাগার ও পুনর্বাসন কেন্দ্রগুলিতে শূন্যপদ পূরণে সোশিওলজির পড়ুয়াদের অগ্রাধিকার দেওয়া হয়।

**তথ্য সহায়তা:** ড. বিশ্বজিৎ ঘোষ, অধ্যাপক, ডিপার্টমেন্ট অফ সোশিওলজি

বার্থ সার্টিফিকেট
এডুকেশনাল সার্টিফিকেট
ড্রাইভিং লাইসেন্স
পলিসি সার্টিফিকেট
পাসপোর্ট
রেজিস্ট্রি ডিড
চাকুরী সংক্রান্ত কাগজপত্র
এফিডেফিটের মাধ্যমে নামের বানান সংশোধনের বিজ্ঞপ্তি সংবাদপত্রে ঘোষণা করুন।
পরামর্শ ও সহযোগিতা ঃ মাস মিডিয়া # 9233 44 45 46
সমস্ত সরকারী কাগজপত্রে নামের বানান সঠিক আছে তো ?

## পাত্র চাই

• সাহা 35/5′2′′ রাজ্য সরকারী চাকুরীরতা পাত্রীর জন্য সঃ চাকুরীরত অনূর্দ্ধ 40 পাত্র কাম্য। M - 9434404560. OL-3878

• বর্মন 30+/5′ ফর্সা, সুশ্রী, ডিপ্লোমা ইঞ্জিঃ, মালদা নিবাসী পাত্রীর সঃ চাঃ / ব্যবসা উপযুক্ত পাত্র কাম্য। M - 8759007708. OL-3851

• কর্মকার 28/5′3′′ B.A., D.L.Ed. পাত্রীর সরকারী চাকুরে পাত্র চাই। M - 9734974834. HUF-0930

• সরকার কায়স্থ 37+/5′4′′ M.A., B.Ed., Sans.(H), শ্যামবর্ণা পাত্রীর জন্য অবিবাহিত মালদা নিবাসী পাত্র চাই। M - 97759 91079. HUF-1795

• Gen. 34+/5′5′′ M.A., D.EL.Ed., Eng.(H) পাত্রীর জন্য 40 মধ্যে সরকারী / বেসরকারী সুপাত্র কাম্য। M - 94348 18403. HUF-1792

• চৌধুরী 34/5′2′′ M.A., B.Ed. (Hons.), প্রাইমারী শিক্ষিকা পাত্রীর জন্য সঃ চাঃ / স্কুল শিক্ষক / প্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্র কাম্য। M - 9434730035. HUF-0905

• কায়স্থ 25+/5′2′′ M.A., একমাত্র সন্তান পাত্রীর 32 মধ্যে সরকারী চাকুরে / প্রতিষ্ঠিত ব্যবসায়ী সুপাত্র কাম্য। M - 6295351070 (বিকেল 4 টা - রাত্রি 9:30 মধ্যে)। HUF-0919

• মাহিষ্য দাস 25+/5′ B.A.(Hons.), M.A.(Eng.), B.Ed.(R), চাকুরীজীবি মা-বাবার কন্যা। উপযুক্ত মালদা শহর নিবাসী পাত্র চাই। চাকুরীজীবি অগ্রগণ্য / প্রতিষ্ঠিত ব্যবসায়ী চলিবে। M - 7001067480. HUF-0924

**কুন্ডু 31/5′4′′ M.A., B.Ed শ্যামবর্ণা, বেঃ সঃ চাঃ (স্কুলে) কর্মরতা, ডিভোর্সী পাত্রীর 36 - 40 মধ্যে সরকারী চাকুরে / প্রতিষ্ঠিত ব্যবসায়ী সুপাত্র কাম্য। M - 97332 80125.** HUF-0938

**মাহিষ্য দাস 31/5′2′′ M.A., B.Ed., M.Ed., ফর্সা, সুশ্রী, নামমাত্র বিবাহে ডিভোর্সী পাত্রীর 40 মধ্যে চাকুরে / ব্যবসায়ী সুপাত্র কাম্য। M - 79083 50076.** HUF-1793

**বৈশ্য সাহা 32+/5′3′′ M.A., B.Ed., মুর্শিদাবাদে H.S. স্থায়ী শিক্ষিকা (2025) (পৈতৃক নিবাস মালদা) একমাত্র কন্যার জন্য উপযুক্ত সঃ চাকুরে অথবা সুপ্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্র কাম্য। অসবর্ণ চলিবে। M - 95475 34931.** HUF-0931

## পাত্রী চাই

• কায়স্থ দাস 36/5′7′′ সরকারী ICDS অফিসে কর্মরত। একমাত্র পুত্রের জন্য সুশ্রী পাত্রী চাই। M - 9475904476. HUF-0941

• বাঙালী চৌধুরী 30+/5′9′′ M.A., Pol. Sc. (গোল্ড মেডেলিস্ট), প্রাইভেট স্কুল শিক্ষক পাত্রের জন্য B.A. / M.A., স্লিম, সুশ্রী, ঘরোয়া পাত্রী কাম্য। M - 8670153697. HUF-1797

• Gen., কায়স্থ 33/5′9′′ M.D. চিকিৎসক পাত্রের জন্য মালদা নিবাসী, শিক্ষিতা উপযুক্ত পাত্রী কাম্য। M - 8759948556 / 80167 06156 (7 P.M. - 10 P.M.). OL-3874

• রায় 39+/5′5′′ হাইস্কুল শিক্ষক (আপার প্রাইমারি) পাত্রের জন্য সুশ্রী, শিক্ষিতা পাত্রী কাম্য। M - 9563114382 (সময় ঃ 6 P.M. - 10 P.M.)। OL-3855

• ব্রাহ্মণ 32/5′8′′ B.Tech., MBA, MNC-তে কর্মরত পাত্রের ফর্সা, সুন্দরী, সরকারী চাকুরে / উকিল / MNC চাকুরে 27 মধ্যে ব্রাহ্মণ পাত্রী চাই। M - 62949 99040. HUF-0909

• পাত্র বারুজীবী 31/5′3′′ B.Tech., ব্যাঙ্গালোরে Tata Flexi কর্মরত পাত্রের 26 - 29 মধ্যে সুশ্রী, স্নাতক সুপাত্রী চাই। সবর্ণ / অসবর্ণ চলিবে। M - 9475094087. HUF-1783

**W.B. বৈষ্ণব, মালদা, গাজোল নিবাসী, দেবগণ 35/5′6′′ M.A., Govt. প্রাইমারি শিক্ষক পাত্রের 26 - 30 মধ্যে উপযুক্ত সুশ্রী পাত্রী কাম্য। M - 98324 77945.** OL-3836

**ঘোষ 29/5′8′′ B.Tech., E. Railway কর্মরত, মকর রাশি, দেবারিগণ, 23 - 27-এর মধ্যে গ্র্যাজুয়েট, শিক্ষিত পরিবারের নম্র, ভদ্র, ঘরোয়া অথবা প্রাথমিক শিক্ষিকা পাত্রী কাম্য। M - 75013 74133.** OL-3868

• সাহা, দেবগন, সঃ চাকুরীজীবি 34/5′6′′ পাত্রের শিক্ষিতা, মালদা শহরের 25 - 28 মধ্যে পাত্রী কাম্য। M - 9434732683. OL-3871

• পূঃ বঃ বারুজীবি 31/5′7′′ মেকাঃ ইঞ্জিঃ, কোলকাতায় নামী MNC-তে কর্মরত। মালদায় নিজ বাড়ি, কলিতে ফ্ল্যাট পাত্রের শিক্ষিতা, সুন্দরী (চাকুরে চলিবে) সঃ / উচ্চ অসঃ পাত্রী কাম্য। M - 8918482937. OL-3876

• মন্ডল 30/5′7′′ মালদা নিবাসী, B.Tech. (KIIT), রাজ্য সরকারের Engineer (MBL), এক ভাই, বোন বিবাহিতা, পাত্রের জন্য শিক্ষিতা সুপাত্রী কাম্য। ঘটক নিষ্প্রয়োজন। M - 6289798996 / 6295400821. OL-3852

• 38, বসাক তন্তুবায়, নামমাত্র বিবাহে ডিভোর্স (7 দিনের বিবাহিত) ব্যবসায়ী পাত্রের জন্য পাত্রী প্রয়োজন। M - 8918531407. OTS-1792

## ভাড়া / লীজ

• মালদা N. S. Rd. গঙ্গাবাগে ফুল ফার্নিশড 1 BHK ফ্ল্যাট (G.Fl.) A.C., গিজার, Gas সহ ভাড়া দেওয়া হবে। মাসিক 6,900/-, M - 9434219397. OL-3841

• রথঘর সংলগ্ন গলিতে গ্রাউন্ড ফ্লোরে তিনটি রুম, ডাইনিং কাম কিচেন, 2 টি বাথরুম (কমোড ও ইন্ডিয়ান) মাসিক 10,000-এ ভাড়া দিব। M - 9933414693 / 70448 14693. KST-1907

**ডাঃ মৈনাক সেনের চেম্বারের পাশে 250 sq.ft. দোকান ঘর অতি সত্বর ভাড়া দেওয়া হবে। M - 89420 16705 / 89183 16032.** HUF-0940

**ডাঃ আশুতোষ রায়ের চেম্বারের পাশের গলিতে লোকনাথ অ্যাপার্টমেন্টে Gr. Floor (2 BHK) ফ্ল্যাট ভাড়া দেওয়া হবে। M - 89420 16705 / 89183 16032.** HUF-0939

## বিক্রয়

• মালদা শহরের সুভাষপল্লীতে পুরনো বাড়ি সহ পাঁচ কাঠা জায়গা অতি সত্ত্বর বিক্রয়। M - 9641445946. HUF-0921

• এয়ারভিউ কমপ্লেক্সে (ITI মোড়ের নিকট)-এ সুন্দর পরিবেশে 2 কাঠা প্লট বিক্রয়। এজেন্ট নিষ্প্রয়োজন। M - 9593612484. HUF-0916

• 1 নং গভঃ কলোনীতে দূর্গা মন্ডপের কাছে 2 BHK (950 sq.ft.) দ্বিতলে ফ্ল্যাট অতি সত্ত্বর বিক্রয়। M - 9474653167 (10 A.M. - 4 P.M.). HUF-0911

**1 No. গভঃ কলোনীতে 2 BHK 1st Floor পুরোপুরি বসবাসযোগ্য ফ্ল্যাট বিক্রি। M - 94346 82110.** OL-3872

**দুর্গাবাড়ি মোড়ে 1200 sq.ft. নতুন Flat বিক্রয় হবে গ্যারেজ সহ। দালাল নিষ্প্রয়োজন। M - 97350 27369.** HUF-0936

**নতুন বছরের ধামাকা উপহার "কোটি টাকার লক্ষ্মী লাভ" ফর্মূলা বিক্রয় করিতে ইচ্ছুক। প্রতিদিনের লটারী খেলার গোপন ট্রিক্স শিখুন মাত্র 5 জন। আগ্রহী ব্যক্তি ফোন করুন — M - 9851 300 302 নম্বরে।** HUF-0933

**মালদা 420 মোড়ের কাছে বিবেকানন্দপল্লীতে দূর্গা মন্ডপের কাছে 4 কাঠা জমি সহ বাড়ি বিক্রয় আছে। প্রকৃত ক্রেতা যোগাযোগ করুন। M - 98746 16456 / 97330 12628 / 80177 28901.** OL-3867

## কর্মখালি

# VACANCY

HONDA

## JOIN THE WINNING TEAM

**Mehi Honda** *Requires Personnel For The Below Mentioned Vacancies With Mentioned Qualification And Qualities :-*

1. **Field Sales Executive : [ 10 Posts ] (M / F)** 12th pass with good communication skills. Should know to ride a two-wheeler (Driving license must).
2. **Network Manager : [ 02 Posts ] (M / F)** Graduate with 3 years experience in sales. Good communication, administration and team handling skills. MS. Excel literate.
3. **Showroom Floor Sales Manager : [ 02 Posts ] (M / F)** Graduate with minimum 3 years of experience in sales, team handling & Good communication skills. MS. Excel knowledge.
4. **Telecallers : [ 05 Posts ] (F)** H.S. Pass. Good communication skills. Computer literate.
5. **Service Advisor : [ 04 Posts ] (M / F)** Diploma in automobile engineering with Good communication skills. Computer literate. Experience shall be preferred.
6. **Workshop Manager : [ 02 Posts ] (M / F)** Diploma in automobile engineering. Minimum 5 years experience with team handling capabilities. Computer literate.
7. **Junior Accounts : [ 02 Posts ] (M / F)** Graduate with good knowledge of tally with 2 years experience.
8. **Executive Assistant : [ 01 Post ] (M / F)** Graduate in the age group of 35 - 40 years with min. 5 years of experience in the team handling and administration. Should have good command over English and Bengali. Should have good knowledge in MS. Excel.

***Interested Candidates May Contact or Send CV on The Below Details :-***

**Mehi Honda**
Gabgachi, Jadupur, Malda - 732103.
Mobile : **+91 97341 61166,** G-mail : **ea@mehihonda.com**

**# ATTRACTIVE SALARIES #**

## কর্মখালি

**দেশবন্ধু চিত্তরঞ্জন মার্কেটে ভৌমিক সুটিং-সাটিং-এ 2 জন মহিলা কর্মী প্রয়োজন। মাধ্যমিক পাস (বয়স ঃ 20 - 30) মধ্যে যোগাযোগ করুন - 94340 55569.** HUF-1773

## টিউশন / কোচিং

• অঙ্কে সমস্যা, বিজ্ঞানে দূর্বল, ভয় নেই। VI - X বাড়ি গিয়ে সিঙ্গল / ব্যাচে পড়াই। M - 7001681732. HUF-0926

• পদস্থ ইঞ্জিনিয়ার বাড়িতে গিয়ে VII - X (সমস্ত বোর্ড) ছাত্র-ছাত্রীদের চাহিদা মতো অঙ্কের CHAPTERS বোঝাচ্ছেন SLOT বুকিং-এর মাধ্যমে (বৃহঃ / শুক্র)। Pal Sir - 9932239094. HUF-0913

**MATHEMATICS Private Tutor (5 - 10) All Boards. B. Chakrabarti (D.C.E.) M - 70018 22996.** HUF-1784

## বিজ্ঞপ্তি

**2026 সালের** বড় মাপের 12 পাতার ওয়াল ক্যালেন্ডারের **স্টক সীমিত** সংগ্রহ মূল্য প্রতি কপি 50 টাকা, 3 কপি একত্রে 100 টাকা। আপনার নাম ও ঠিকানা হোয়াটসঅ্যাপ করুন। ইউপিআই নম্বর **9233 44 45 46**

ইংরেজী নববর্ষ - 2026 জরুরী গাইড -এর পাঠক-পাঠিকা, বিজ্ঞাপনদাতা সহ মালদাবাসীকে জানাই শুভেচ্ছা।

## জ্যোতিষ চর্চা

## জ্যোতিষ চর্চা

জ্যোতিষী (Astrologer)
**তাপস কুমার ব্যানার্জী**
M.A.R.P. (Kol)
দক্ষিণ সিঙ্গাতলা, মালদা টাউন হাইস্কুলের মেইন গেটের ডান দিকে
Mobile : 98320 78468 / 92326 71649

জয় মা
কলিকাতার প্রখ্যাত জ্যোতির্ব্বিদ
**ডঃ অশোক শাস্ত্রী**
দক্ষিণা মাত্র ১১০২/-
— উপস্থিত থাকছেন —
প্রতি রবি, সোম, মঙ্গল ও বুধবার
জুবলী রোড, উত্তর বালুচর, মালদা
ফোন : (০৩৫১২) ২৫৭৪৩৪
মো : ৯৫৪৭৮ ১৬৩৩৩

## সন্তান লাভের

*(প্রথম পাতার পর)*

রাস্তায় বেরোলে পাড়া-প্রতিবেশীরা জিজ্ঞাসা করে, কি গো নাতিপুতি কবে হবে? ওরা কি ভাবছে? প্রশ্নটা অনেক সময় না করেও সুকৌশলে করা যায় তাও দেখেছি। কোনো একটা অনুষ্ঠানে কোনো বয়স্ক দম্পতির সামনে ঘটা করে নাতি-নাতনিদের গল্প শুরু হয়ে গেল। যারা শুনছে তারা বিব্রত বোধ করছে। যারা বলছে তারা কে অনির্বচনীয় সুখ পাচ্ছে। এর কারণ মানুষের মধ্যে অন্যকে বিব্রত করায় এক সুখ আছে। অন্যকে বিড়ম্বনায় ফেলা, অন্যকে অপদস্থ, অপ্রস্তুত করার *(এরপর ৪-এর পাতায়)*

## প্রাথমিক শিক্ষক নিয়োগের ইন্টারভিউ হোক দুর্দান্ত

এই সময়: প্রাথমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সাক্ষাৎকার পর্ব ও ডেমোনস্ট্রেশন পর্ব, এই দুটি হলো প্রার্থী কতটা যোগ্য, দক্ষ এবং উপযুক্ত তা যাচাই করার গুরুত্বপূর্ণ ধাপ। লিখিত পরীক্ষায় (TET) উত্তীর্ণ হওয়া মাত্রই নিয়োগ নিশ্চিত হয় না। এই দুই ধাপ ভালোভাবে পার করতে না পারলে চূড়ান্ত প্যানেলভুক্ত হওয়া সম্ভব নয়। ভাইভা বা ইন্টারভিউয়ের মূল উদ্দেশ্য, প্রার্থীর ব্যক্তিত্ব, কমিউনিকেশন স্কিল, মানসিক স্থিতি ও শিশু মনস্তত্ত্ব বোঝার ক্ষমতা যাচাই করা হয়। শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ (D.EL.Ed), বিষয়ভিত্তিক জ্ঞান, সমসাময়িক শিক্ষা নীতির প্রতি কর্মপ্রার্থী কতটা সচেতন তা দেখা হয়। প্রাথমিক স্তরে মূল্যবোধ শিক্ষা, অন্তর্ভুক্তিমূলক শিক্ষা (inclusive education) ও নৈতিকতার প্রতি দৃষ্টিভঙ্গিও বোর্ড আলাদা গুরুত্ব দিয়ে দেখে।

■ জেলা বা কেন্দ্রভিত্তিক তালিকা প্রকাশ করে প্রার্থীদের সাক্ষাৎকারে ডাকা হচ্ছে। ইন্টারভিউ সাধারণত বোর্ডের তত্ত্বাবধানে জোন বা জেলা ভিত্তিক পরিচালিত হবে। সাম্প্রতিক বিজ্ঞপ্তি অনুযায়ী, স্বচ্ছতা বজায় রাখতে ইন্টারভিউ পর্ব সম্পূর্ণ ভিডিওগ্রাফি করা হবে এবং উপযুক্ত পরিবেশে নেওয়া হবে।

### ইন্টারভিউ বোর্ডে সম্ভাব্য প্রশ্ন

■ নিজের পরিচয়, কেন প্রাথমিক শিক্ষক হতে চান, ভবিষ্যত লক্ষ্য ইত্যাদি ব্যক্তিগত মোটিভেশনধর্মী প্রশ্ন। শিশু মনস্তত্ত্ব, ক্লাস ম্যানেজমেন্ট, শৃঙ্খলা রক্ষা, যে সব ছাত্রছাত্রীর শিখতে বেশ সময় লাগে তাঁদের নিয়ে কাজ করার কৌশল কি হতে পারে, এই সব প্র্যাকটিক্যাল প্রশ্ন করা হতে পারে। পাঠ্যসূচি অনুযায়ী বাংলা, গণিত, ইভিএস, ইংরেজি ইত্যাদি বিষয়ে প্রাথমিক স্তরের কনসেপ্টভিত্তিক প্রশ্ন করা হতে পারে।

### ডেমোন্সট্রেশন বা ডেমো ক্লাসের ভূমিকা

■ অ্যাপ্টিটিউড টেস্টের অংশ হিসেবে অনেক ক্ষেত্রেই প্রার্থীকে ছোট্ট ডেমো ক্লাস নিতে বলা হয়, যা দিয়ে তার শিক্ষাদান দক্ষতা ও ক্লাস হ্যান্ডলিং বোঝা হয়। ডেমো সাধারণত ৫–৭ মিনিটের মধ্যে সীমাবদ্ধ, প্রাথমিক শ্রেণির উপযোগী এবং পাঠ্য বইতে আছে এমন একটি ছোট টপিক নির্বাচন করে নিতে হয় (যেমন: যোগ বিয়োগ, ভগ্নাংশ, ইংরেজি গ্রামার-এর কোনও টপিক, পরিবেশ সংক্রান্ত টপিক)।

■ ডেমোতে বোর্ড, লেসন প্ল্যান, শিশুদের অংশগ্রহণ বাড়ানোর প্রশ্ন, উত্তরের কৌশল ও সহজ ভাষা ব্যবহার বিশেষভাবে লক্ষ্য করা হয়।

■ ডেমোস্ট্রেশন বা ডেমো ক্লাস হলো শিক্ষকতার দক্ষতা প্রমাণের সেরা সুযোগ। এখানে জ্ঞানের গভীরতা নয় বরং আপনার বোঝানোর ক্ষমতা এবং বাচ্চাদের সঙ্গে মেশার ক্ষমতা বেশি গুরুত্বপূর্ণ।

### শুরুটা হোক আকর্ষণীয়

■ ইন্টারভিউয়ারদেরই ছাত্র বলে মনে করুন। তোমরা কেমন আছো? এই ধরনের সম্বোধন দিয়ে শুরু করুন। সরাসরি টপিকে নয় তার আগে একটা উপস্থাপনা থাকুক।

### ব্ল্যাকবোর্ডের সঠিক ব্যবহার

■ এটি খুব গুরুত্বপূর্ণ অর্থাৎ ব্ল্যাকবোর্ডের ঠিক কোন দিকটায় দাঁড়াবেন, বাঁ দিক থেকে ডানদিকে লেখার জন্য যেখানে দাঁড়ানো উচিত সেই ভাবে দাঁড়াবেন। বোর্ডের বাঁদিকে শ্রেণী, তারিখ এবং ডানদিকের বিষয়ে আজকের পাঠ স্পষ্টভাবে লিখবেন আপনার হাতের লেখা যেন একদম শেষের বেঞ্চ থেকে দেখা যায়। ডেমো ক্লাস শেষ হবার পর অবশ্যই ডাস্টার দিয়ে বোর্ড পরিষ্কার করে আসবেন এবং উপর থেকে নিচে (আপ টু ডাউন) এইভাবে মুছবেন।

### উপস্থাপনা

■ মাইক্রো টিচিং-এর ক্ষেত্রে উপস্থাপনা খুব গুরুত্বপূর্ণ। শুধু বক্তৃতা নয় কিভাবে পড়াচ্ছেন এটার দিকে খেয়াল রাখুন। প্রশ্ন করা অর্থাৎ পড়াতে পড়াতে কাল্পনিক ছাত্রদের প্রশ্ন করুন। কাল্পনিক টিএলএম- এর ব্যবহার যতটা করা যায় ততটা করার চেষ্টা করুন।

### কিছু সাধারণ ভুল যা করবেন না

■ ভুল তথ্য দেবেন না, জটিল ভাষা ব্যবহার করবেন না এবং সময় জ্ঞান অর্থাৎ পাঁচ থেকে সাত মিনিটের মধ্যে পুরো বিষয়টা যাতে শেষ হয় সেটার দিকে খেয়াল রাখুন।

### উপসংহার খুব গুরুত্বপূর্ণ

■ ডেমো ক্লাস শেষ করার সময় অবশ্যই একটা সাধারণীকরণ বা জেনারালাইজেশন করে দেবেন অর্থাৎ আজকে আমরা যা শিখলাম এরকমটা বলে। পরের দিনের কি পড়ানো হবে তার একটা ইঙ্গিত দিন। প্রয়োজনে দু' একটা হোমওয়ার্ক দিতে পারেন। বোর্ড মুছে ডাস্টার চক সঠিক স্থানে রেখে ইন্টারভিউয়ারকে ধন্যবাদ জানিয়ে আবার চেয়ারে ফিরে আসুন।

### সফল ডেমোর কৌশল

■ শারীরিক ভঙ্গি ও আচরণ হবে বিনয়ী, ভদ্র, আত্মবিশ্বাসী। চোখে চোখ রেখে কথা বলা, পরিষ্কার উচ্চারণ ও সংক্ষিপ্ত উত্তর দেওয়ার অভ্যাস গড়ে তোলা জরুরি। সবার দিকে তাকিয়ে সপ্রতিভ হয়ে স্পষ্ট উচ্চারণে কথা বলবেন। চোখে মুখে যেন উদ্বেগের ছাপ না থাকে।

### প্রস্তুতির কিছু টিপস

▶ তথ্য সংগ্রহ করুন: ইন্টারভিউয়ের আগে প্রাথমিক বিদ্যালয়, শিক্ষক পদের দায়িত্ব এবং সংশ্লিষ্ট বিষয় সম্পর্কে ভালভাবে তথ্য সংগ্রহ করুন।

▶ নিজের বয়ান প্রস্তুত ও চর্চা করুন: নিজের সম্পর্কে সংক্ষেপে কী ভাবে বলতে হবে (নিজের যোগ্যতা, অভিজ্ঞতা, লক্ষ্য) সেই বয়ান অনুশীলন করুন।

▶ কমন কিছু টপিকের উপর বক্তব্য তৈরি রাখুন: অভিভাবকদের বেসরকারি স্কুল বা ইংরেজি মাধ্যম স্কুলে ভর্তি করার প্রবণতা, কেন শিক্ষক হতে চান? কেন আপনাকে নিয়োগ করব? পেশাগত চাপের মুহূর্তে কী ভাবে সামলাবেন? এরকম প্রশ্নগুলোর উত্তর প্রস্তুত রাখুন।

▶ আত্মবিশ্বাস ও পরিষ্কার কমিউনিকেশন: মনের মধ্যে আত্মবিশ্বাস রাখুন। প্রশ্নের উত্তর সংক্ষেপে ও পরিষ্কারভাবে দিন।

▶ উৎসাহ ও আগ্রহ দেখান: শিক্ষক পদের জন্য নিজস্ব আগ্রহ, উদ্যম এবং কাজের প্রতি ভালোবাসা স্পষ্টভাবে প্রকাশ করুন।

▶ মক ইন্টারভিউ: বন্ধু বা পরিবারকে সঙ্গে নিয়ে বা একা একা প্রশ্ন-উত্তরের প্র্যাকটিস করুন, রেকর্ড করে ভুল শোধরান।

ইন্টারভিউয়ে সফল হতে হলে উপযুক্ত প্রস্তুতি, বিষয়ভিত্তিক গভীর জ্ঞান, প্রাঞ্জল উপস্থাপনা— এই সব বিষয়গুলিকে বিশেষ গুরুত্ব দিতে হবে। স্মার্ট প্রস্তুতি, আত্মবিশ্বাস এবং পেশাদার আচরণই ইন্টারভিউতে চূড়ান্ত সাফল্যের চাবিকাঠি।

তথ্য সহায়তা: এইউ সেন্টার ফর লাইফ লং লার্নিং

ইন্দ্রানী পার্লস
শ্রীHari
COSTUME & GOLD PLATED JEWELLERY
মালদা পার্লস এম্পোরিয়াম
B. S. Road (Nr. Kuttitola More).
94341 89908

জরুরী গাইড সার্কুলেশন আনলিমিটেড
**বিনামূল্যে বিতরণ কেন্দ্র**
অনলাইনে পড়ুন - aamaarshahor.com

❖ রথবাড়ী (অডিটোরিয়াম), নিউ মডেল বুক ডিপো - 98514 87741 ❖ কবি সুকান্ত মোড়, রূপা ব্যান্ড বক্স - 99324 81754 ❖ এন.বি.এস. টি.সি. ডিপো সংলগ্ন, চক্রবর্তী পেপার সাপ্লায়ার - 99339 93660 ❖ রাজ হোটেল মোড়, মডেল বুক ডিপো - 94342 31832 ❖ অতুল মার্কেট, মা তারা ম্যাগাজিন - 77979 19580 ❖ রামকৃষ্ণপল্লী, এসবিআই-এর কাছে, সাইবার ফিভার - 89263 09911 ❖ ফুলবাড়ি, এম. কে. রোড, স্মার্ট নেট - 94346 81146 ❖ মকদুমপুর, রথঘর-এর বিপরীতে, মাস মিডিয়া - 9732155526 ❖ আইহো বাস স্ট্যান্ড, গীতা পুস্তকালয় - 94744 75342.

**জমি বিক্রয়**
সিঙ্গাতলায়
1.8 শতক (787 বর্গফুট)
বাস্তু জায়গা
বিক্রয় হইবে।
প্রকৃত ক্রেতা যোগাযোগ করুন।
M : 97331 70517
M : 97326 27414
HUF-0914

**ফ্ল্যাট বুকিং চলছে**
অভিরামপুর 2nd লেন, বাঁধ রোড সংলগ্ন J.M.C. ক্লাব-এর রাস্তায় "HINDOL" Apartment-এ মধ্যবিত্তের ধরাছোঁয়ার মধ্যে B+G+6 Multi Storied Residential Building-এ
2 BHK 750 - 850 স্কোয়ারফিট,
3 BHK 1050 - 1150 স্কোয়ারফিট,
4 BHK 1700 - 2000 স্কোয়ারফিট
ফ্ল্যাট-এর বুকিং শুরু হয়েছে। সত্ত্বর যোগাযোগ করুন।
Car Parking Available in Basement.
**WBRERA Approved.**
RERA Registration No. - WBRERA/P/MAL/2025/002401.
Website : www.rera.wb.gov.in
Mobile No.
97341 02876 / 96478 01310

### সতর্কীকরণ বিজ্ঞপ্তি

কোনও বিজ্ঞাপন সূত্র ধরে বিজ্ঞাপন দাতার সঙ্গে যোগাযোগ করার আগে পাঠকদের যথাযথ খোঁজ খবর নিতে বলা হচ্ছে। বিজ্ঞাপন দাতাদের কোনও দাবী ও বক্তব্য বিষয়ে এই বিজ্ঞাপন ক্রোড়পত্র (ফ্রী শিটার) কোনও নিশ্চয়তা বা দায়িত্ব বহন করে না। এই ঘোষণা ভারত সরকারের স্পেশাল ক্রাইম ব্রাঞ্চের নির্দেশ অনুযায়ী ছাপা হচ্ছে।

— সম্পাদক / প্রকাশক।

পরবর্তী
জরুরী গাইড সার্কুলেশন আনলিমিটেড
**বিতরিত হবে 19 জানুয়ারী, 2026, সোমবার।**
**বিজ্ঞাপন জমা দেওয়ার শেষ তারিখ 15 জানুয়ারী, 2026, বৃহস্পতিবার, সন্ধ্যা 7 টার মধ্যে।**

জরুরী গাইড-এ বাড়িতে বসে শ্রেণীবদ্ধ বিজ্ঞাপন দিন WhatsApp
**977 5454 577**

## বিবাহযোগ্য পাত্র-পাত্রীর অভিভাবকের কাছে আবেদন —

আপনাদের বিবাহযোগ্য ছেলে-মেয়েদের তথ্য (পূর্ণাঙ্গ প্রোফাইল) জনপ্রিয় ওয়েবসাইট **www.khonj.live**-এ বিনামূল্যে আপলোড করে রাখুন। এতে আপনাদের অতিরিক্ত খোঁজখবর পেতে সুবিধা হবে। শুধু তাই নয়, প্রোফাইলের লিঙ্ক যে কাউকে এমনকি সোস্যাল মিডিয়াতেও শেয়ার করতে পারবেন। এই পরিষেবায় প্রতিমাসে শতাধিক পরিবার উপকৃত ও সন্তুষ্ট। নিচের তথ্যগুলি যতটা সম্ভব পূরণ করে পাঠান। যতো বেশী তথ্য দিতে পারবেন, ততো বেশী রেসপন্স পাবেন।

### ব্যক্তিগত তথ্য

প্রার্থীর (পাত্র / পাত্রীর) নাম* –
লিঙ্গ (পুরুষ / মহিলা) –
হোয়াটসঅ্যাপ বা কলিং নম্বর* –
ই-মেইল আইডি –
জন্মতারিখ (DOB) –
শিক্ষাগত যোগ্যতা –
উচ্চতা –
ব্লাড গ্রুপ –
রাশি –
মাঙ্গলিক / অমাঙ্গলিক –
জাতি –
গোত্র –
ধর্ম –
ওজন –
অন্যান্য যোগ্যতা –
বর্তমানে বৈবাহিক স্থিতি –
অবিবাহিত / ডিভোর্সী / বিপত্নীক / বিধবা / ডিভোর্সের জন্য অপেক্ষারত –
(যে কোন একটি অপশন বাছুন)
ঠিকানা (বাসস্থান) –
চেহারার সংক্ষিপ্ত বিবরণ –
শখ –
খাদ্যাভাস –
(আমিষাশী / নিরামিষাশী) –
পিতা-মাতার কততম সন্তান
(প্রথম / দ্বিতীয় / তৃতীয়) – একমাত্র
সাম্প্রতিক ছবি (ন্যূনতম ১ টি / সর্বাধিক ৩ টি) পাঠান –

### পেশাগত তথ্য

কর্মস্থল (ঠিকানা) –
আয়ের উৎস –
(চাকুরী (স্থায়ী / চুক্তিবদ্ধ) / ব্যবসা / প্রফেশনাল / স্থায়ী সম্পত্তি বা আমানত / ঘরোয়া / অন্য কিছু)
পদ –
বার্ষিক আয় –
শিক্ষাগত / কারিগরী যোগ্যতা –
পিতামাতা / পরিবার সংক্রান্ত সংক্ষিপ্ত বিবরণ –
অন্যান্য বিষয়ে মন্তব্য (যদি জানাতে চান) –
কেমন পাত্র বা পাত্রী খুঁজছেন তা সংক্ষেপে লিখুন –

**(পাত্র / পাত্রীর নাম, বাসস্থানের ঠিকানা, ছবি বা (স্টার) চিহ্নিত প্রশ্নের তথ্য যদি প্রকাশ করতে না চান সেক্ষেত্রে জানাতে হবে।**

**তবে তথ্যগুলি আমাদের রেকর্ডের জন্য অবশ্যই পাঠাতে হবে।**

প্রত্যেক আবেদনের সাথে ফটো আইডি (যেমন - আধার, প্যান / পাসপোর্ট / ভোটার কার্ড) ও ন্যূনতম এক কপি ছবি পাঠানো বাধ্যতামূলক। স্ব-অভিভাবক পাত্র / পাত্রীরাও আবেদন করতে পারেন।

Only WhatsApp to **9233 44 45 46**
**(11 A.M. to 7 P.M., except holiday).**
**Visit : khonj.live**

ভাড়ায় প্রজেক্টর

Opp. to Rathghar
MASS MEDIA
The Media Maker
Mokdumpur, Malda.

● 49" 4K LED TV ● Wi-Di রাউটার ● Android 8.1 যুক্ত মিডিয়া প্লেয়ার
● HDMI পোর্টযুক্ত শর্ট-থ্রো প্রোজেক্টর ● অ্যান্ড্রয়েড মিডিয়া প্লেয়ারযুক্ত LED প্রজেক্টর
● $i_3$ প্রসেসরযুক্ত ল্যাপটপ ● শক্তিশালী UPS পোডিয়াম ● 4G ইন্টারনেট রাউটার
● HD (হাই ডেফিনেসন) ভিডিও / ডিজিটাল স্টিল ফটোগ্রাফি ● Google Crome Cast
● কর্ডলেস মাইক্রোফোন ● ল্যাপেল মাইক্রোফোন ● ভয়েস রেকর্ডার ● সাউন্ড সিস্টেম
● পয়েন্টার ● Android সমৃদ্ধ HD LED মনিটর ● ইনভার্টার ● মাল্টি ইউজার সুইচ
● Air PC ● Blooth Tooth 5.0 Speaker ● আরো অনেক কিছু ...

রেট কার্ড পেতে অন-লাইনে লগ্ অন করুন - aamaarshahor.com/projector
অর্ডার করুন massmedia.malda@gmail.com এই ঠিকানায়।
Per shift upto 3 hours
Available on Rent # 9233 44 45 46

স্বত্ত্বাধিকারী অর্ণব কুমার দে কর্তৃক ক্যুইক সার্ভিস, ১১ / ১৯ জি. কে. লেন, মকদমপুর, মালদা ৭৩২১০৩ হইতে প্রকাশিত ও মুদ্রিত। সম্পাদক ঃ অর্ণব কুমার দে। মুদ্রণ সহায়তা ঃ সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লি, কলকাতা। নির্বাচিত বিতরণ কেন্দ্রগুলি থেকে বিনামূল্যে বিতরণের জন্য। M : 977 5454 577

# ব্যবসা ছোট হোক বা বড়
# বিনা খরচে নতুন নতুন গ্রাহকের কাছে
# পৌঁছে যান সহজেই

মিস্ত্রি / মেকানিক / সার্ভিস সেন্টার / ডোর-টু-ডোর সার্ভিস / ডিস্ট্রিবিউটর / প্রফেশনাল সার্ভিস ব্যবসা বা পরিষেবা যা কিছুর হোক না কেন নীচের তথ্যগুলি পূরণ করে পাঠান।

প্রতিষ্ঠানের নাম : ..............................

ঠিকানা : ..............................

যোগাযোগের নম্বর : ..............................

ই-মেইল আইডি : ..............................

কর্ণধার / অংশীদার / ডিরেক্টর-এর নাম : ..............................

প্রতিষ্ঠানে আবেদকের পদ : ..............................

ব্যবসা / পরিষেবার ধরণ : ..............................

আপনার ব্যবসা / পরিষেবা সম্পর্কে গ্রাহকদের যা জানাতে চান তা বিশদে লিখুন :—

আপলোড / হোয়াট্সঅ্যাপ করুন — (এক বা একাধিক ডকুমেন্ট)

প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স

ভিজিটিং কার্ড

আধার কার্ড

আপনার অফিস / দোকান / কর্মক্ষেত্রের লোকেশন

(গুগল ম্যাপ অথবা হোয়াট্সঅ্যাপের মাধ্যমে কর্মক্ষেত্রের কারেন্ট লোকেশন পাঠান)।

বিশদে জানতে হোয়াট্সঅ্যাপ / ফোন করুন - **9233 44 45 46** নম্বরে।

Tele Guide

যাকে চাই তাকে পাই, পলকে

Your Honest Salsman Works 24x7


# শুনানিতে দেখানো যাবে কোন্ কোন্ তথ্য ?

## এসআইআর শুনানিতে ১১ নং,

নীচের ৪১ টি ডকুমেন্টের যে কোনো একটি দেখাতে পারলেই ২০২৬-এর ভোটার তালিকার ফাইনাল লিস্টে নাম আসবে।

**Checklist for Documents-SIR Hearing**

Name of the Elector: ____________________

AC No:__________, Part No:__________, Serial No:__________

Date of Birth of the Elector:__________, Date of Hearing:__________

| Sl | Category of Document | Document Details |
|---|---|---|
| 1 | Any Identity card/Pension Payment Order issued to a regular employee/pensioner of any Central Govt./State Govt./PSU | ☐ Government identity Card<br>☐ Pension Payment Order |
| 2 | Any Identity Card/Certificate/Document issued in India by the Government/ local authorities/Banks/Post Office/LIC/PSUs prior to 01.07.1987 | ☐ Trade license by Local Body<br>☐ LIC- Policy document<br>☐ Postal Life Insurance (PLI)<br>☐ Post Office Passbook<br>☐ National Savings certificate (NSC)<br>☐ Bank Passbook<br>☐ Bank Loan Documents<br>☐ Any Other |
| 3 | Birth Certificate | ☐ Birth Certificate |
| 4 | Passport | ☐ Passport |
| 5 | Matriculation/Educational certificate | ☐ Matriculation certificate<br>☐ Any other Board / UG / PG/ Diploma Certificate<br>☐ School Leaving Certificate<br>☐ Transfer Certificate<br>☐ Extract of School register (Duly certified )<br>☐ School Mark sheet (any class)<br>☐ Any other |
| 6 | Permanent Residence certificate issued by the competent State authority | ☐ Permanent Residence Certificate (Not being issued in our state, what we issue is for ordinary residence) |
| 7 | Forest Right Certificate | ☐ Forest Patta |
